

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল

www.barisalboard.gov.bd

বিজ্ঞপ্তি

স্মারক নং-বশিবো/বিঅ/২০২৪/৪২৩৫

তারিখঃ ২০/০৮/২০২৪ খ্রি.

বিষয়ঃ বিদ্যমান পরিস্থিতিতে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদের “সভাপতি” পদে দায়িত্ব পালন প্রসঙ্গে।

সূত্রঃ শিক্ষামন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭২.১৮.০০৩.২৪.১৮৩

তারিখঃ ২০/০৮/২০২৪ খ্রি.

অত্র বোর্ডের আওতাধীন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণকে জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত পত্রের আলোকে “বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি প্রবিধানমালা-২০২৪” এর ৬৮ ধারা অনুযায়ী নিম্নরূপ নির্দেশনা প্রদান করা হলো।

বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিং বডি/ম্যানেজিং কমিটি/এডহক কমিটি/ নির্বাহী কমিটির সভাপতি পদে-


ক) জেলা পর্যায়ে- জেলা প্রশাসক/জেলা প্রশাসকের মনোনীত প্রতিনিধি, উপজেলা পর্যায়ে-উপজেলা নির্বাহী অফিসারকে; এবং
খ) মহানগর এলাকায় বিভাগীয় কমিশনার/বিভাগীয় কমিশনারের মনোনীত প্রতিনিধিকে দায়িত্ব প্রদান করা হলো।

পুনরাদেশ না দেয়া পর্যন্ত তারা সংশ্লিষ্ট দায়িত্ব পালন করবেন।

গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি প্রবিধানমালা-২০২৪ এর ৬৩ ধারা অনুযায়ী সংস্থা পরিচালিত প্রতিষ্ঠানের ক্ষেত্রে উল্লিখিত বিধান প্রযোজ্য হবেন।

উল্লেখ্য, যে সকল প্রতিষ্ঠান কমিটির মেয়াদ উত্তীর্ণের পূর্বে কমিটি গঠন করতে পারেনি বা কমিটি বিহীন অবস্থায় পরিচালিত হচ্ছে সে সকল প্রতিষ্ঠানকে গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি প্রবিধানমালা-২০২৪ এর ৬৪(২) অনুযায়ী এডহক কমিটি গঠনের অনুমতির জন্য আবেদন করতে হবে।

বিষয়টি অতীব জরুরী।



প্রফেসর মোঃ ইউনুস আলী সিদ্দিকী

চেয়ারম্যান

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল।

অধ্যক্ষ/প্রধান শিক্ষক

অত্র বোর্ডের আওতাধীন অনুমোদিত সকল

উচ্চমাধ্যমিক/মাধ্যমিক/নিম্ন মাধ্যমিক বিদ্যালয়।

স্মারক নং-বশিবো/বিঅ/২০২৪/৪২৩৫

তারিখঃ ২০/০৮/২০২৪ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলোঃ

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষামন্ত্রণালয়, বাংলাদেশ, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, অত্র বোর্ডের আওতাধীন সকল জেলা।
- ৪। উপ পরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চশিক্ষা, বরিশাল অঞ্চল, বরিশাল।
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, অত্র বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
- ৬। জেলা শিক্ষা অফিসার, অত্র বোর্ডের আওতাধীন সকল জেলা।
- ৭। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, অত্র বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
- ৮। ম্যানেজার, সংশ্লিষ্ট ব্যাংক।
- ৯। পি এস টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল
- ১০। সংরক্ষণ নথি।